ভূমিকা

স্বাস্থ্য প্রতিটি মানুষের অলঙ্ঘনীয় অধিকার। ইতালীয় জনস্বাস্থ্য ব্যবস্থায় অ্যাক্সেস করার জন্য, জাতীয় স্বাস্থ্য পরিষেবা (SSN) এ নিবন্ধন করতে হবে। SSN এ নিবন্ধিত প্রত্যেক ব্যক্তির পারিবারিক ডাক্তারের অধিকার রয়েছে যিনি রোগীদের পরিদর্শনের নিশ্চয়তা দেন, ওষুধের পরামর্শ দেন এবং বিশেষজ্ঞ ডাক্তারের ভিজিট এবং পরীক্ষার জন্য রিসিপ্ট লিখে দেন। সমস্ত বিদেশী নাগরিক, এমনকি জাতীয় স্বাস্থ্য পরিষেবাতে নিবন্ধিত না হলেও, কর্তৃপক্ষকে রিপোর্ট না করে প্রাথমিক স্বাস্থ্যসেবার সুবিধা নিতে পারে। 112 হল স্বাস্থ্য জরুরী অবস্থার জন্য একক জাতীয় নম্বর যা ২৪ ঘন্টা সক্রিয় থাকে। এই পরিষেবাটি বিনামূল্যে পাওয়া যায়।

১। বিদেশী নাগরিকদের জন্য স্বাস্থ্যসেবা

ইতালিতে স্বাস্থ্যসেবা নির্দিষ্ট করে নিয়মিত পেরমেসসো দি সোজ্জর্ন প্রাপ্ত ব্যক্তিদের এবং তাদের সাথে বসবাসকারী পরিবারের সদস্যদের জন্য বরাদ্দ।

নিয়মিত পেরমেসসো দি সোজ্জর্ন ছাড়া আপনি ক্লিনিক্যাল স্বাস্থ্য পরিষেবা এবং হাসপাতালে সরকারী প্রতিষ্ঠানের জরুরী স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকারী কিন্তু আপনি বিনামূল্যে পছন্দের পারিবারিক ডাক্তার এবং শিশু বিশেষজ্ঞের সহায়তার সুবিধা নিতে পারবেন না।

যেসব বিদেশী নাগরিকগণ SSN এর নিবন্ধন করতে পারেন :

- যাদের পেরমেসসো দি সোজ্জর্ন আছে এবং এবং কাজ করছেন বা কাজে নিযুক্ত হবার তালিকায় নিবন্ধিত আছেন বা কাজ নিয়মিতকরণের অপেক্ষায় রয়েছে;

- যারা বৈধভাবে বসবাস করছেন;

- - যারা পেরমেসসো দি সোজ্জর্ন নবায়নের জন্য আবেদন করেছেন (অধীনস্থ বা স্ব-নিযুক্ত কাজ, পারিবারিক কারণে, এসাইলাম, দত্তক নেওয়া, নির্ভরতাসূচক, নাগরিকত্ব, ধর্মীয় কারণে, পড়াশুনার জন্য);
- তারা পয়েন্ট 1, 2 এবং 3 এ উল্লেখিত বিদেশীদের উপর নির্ভরশীল পরিবারের সদস্য।

আপনি যদি একজন ইউরোপিয়ান ইউনিয়ন বহির্ভূত নাগরিক হন, যারা নিম্নলিখিত বিভাগগুলির মধ্যে পড়ে: ছাত্র, অন্যদেশ থেকে আগত গৃহকর্মী, ধর্মীয় কর্মী, স্বনির্ধারিত বাসস্থানের জন্য পেরমেসসো দি সোজ্জর্নের অধিকারী ২০০৮ সালের ৫ নভেম্বরের পরে পারিবারিক মিলনের উদ্দেশ্যে আসা ৬৫ বছরের বেশি বয়সী পিতামাতাদের SSN-এ নিবন্ধন ঐচ্ছিক ব্যাপার।

আপনি যদি ফ্লোরেন্স পৌরসভায় বসবাসকারী একজন ইউরোপিয়ান ইউনিয়নের নাগরিক হন এবং ইতালিতে কর প্রদান করেন, তাহলে আপনার SSN-এ নিবন্ধনের অধিকার রয়েছে। আপনি যদি এই প্রয়োজনীয় বিষয়গুলোর অধিকারী না থাকেন, তাহলে আপনি S.S.N এ ঐচ্ছিক নিবন্ধনের আবেদন করতে পারেন।

খেয়াল করুন !!!!

SSN এ ঐচ্ছিক নিবন্ধন অবশ্যই তোসকানা অঞ্চলের নামে C/C নং 289504-এই একাউন্টে একটি বার্ষিক অনুদানের অর্থ প্রদানের সাপেক্ষে করা সম্ভব, কারণ: SSN এর অনুদানে উল্লেখ করতে হবে যে তা চলতি বছরের জন্য। ঐচ্ছিক নিবন্ধন এক বছরের মেয়াদ সম্পন্ন (১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত, অর্থপ্রদানের তারিখ নির্বিশেষে) এবং এটি নির্ভরশীল পরিবারের সদস্যদের জন্য ও বাড়ানো যেতে পারে। এটা প্রতি বছর নবায়ন করা আবশ্যক।

অনুদানের পরিমাণ উপরে বর্ণিত বিভাগ অনুযায়ী পরিবর্তিত হয়। উদাহরণ স্বরূপ: পড়াশুনার উদ্দেশ্যে ইতালিতে

থাকা একজন ইউরোপিয়ান ইউনিয়ন বা বা ইউরোপিয়ান ইউনিয়ন বহির্ভূত নাগরিকের অনুদান হল € 149.77 (নির্ভরশীল পরিবারের সদস্যদের ছাড়া) বা € 387.34 (নির্ভরশীল পরিবারের সদস্যসহ)। একজন ইইউ বা নন-ইইউ নাগরিকের জন্য যারা গৃহকর্মী হিসেবে থাকেন, তাদের ক্ষেত্রে অনুদান 219.49 ইউরো (নির্ভরশীল পরিবারের সদস্যদের ছাড়া) বা 387.34 (নির্ভরশীল পরিবারের সদস্যসহ) সমান।

অন্যান্য বিভাগের জন্য, আয়ের উপর নির্ভর করে অনুদানের পরিমাণ পরিবর্তিত হয়।

তথ্যের জন্য

https://www.uslcentro.toscana.it/index.php/servizi-online/servizi-e-attivita/informazione-e-orientamento/784-assistenza-italiani-all-estero-e-stranieri-in-italia/9666-assistenza-sanitaria-ai-cittadini-non-appartenenti-all-u-e

উপস্থাপনের জন্য কি ডকুমেন্ট লাগবে এবং অনুদানের পরিমাণ জানার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের উপর ক্লিক করুন।

তথ্য এবং আরও ভালোভাবে জানতে যোগাযোগ এবং টেলিফোন নম্বরের জন্য ফ্লোরেনটাইন এলাকায় ক্লিক করুন

ফ্লোরেন্সের আরও তথ্যের জন্য: : iscrizionivolontarie@uslcentro.toscana.it

নিবন্ধন করে আপনি যেসব পরিষেবা গ্রহণের সুযোগ পাবেন :

পারিবারিক ডাক্তার এবং শিশু বিশেষজ্ঞ নির্বাচন করা;

- ক্লিনিকে সাধারণ ভিজিট, বিশেষজ্ঞ এবং বাড়িতে ভিজিটের সুবিধা (টিকেটের অর্থ প্রদান করার মাধ্যমে);

- বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে ডায়াগনস্টিক থেরাপির সাহায্যকারী কার্যক্রম অনুসরণ করতে সক্ষম হওয়া
- ভ্যাক্সিন দেওয়া;
- - রক্ত পরীক্ষা করা (টিকিট পরিশোধ করার মাধ্যমে);
- ডায়াগনস্টিক পরীক্ষা করা (এক্স রে, আল্ট্রাসাউন্ড) (টিকিট পরিশোধ করার মাধ্যমে);
- ওষুধ গ্রহণ করা (টিকিট পরিশোধ করার মাধ্যমে);
- পুনর্বাসন করা (টিকিট পরিশোধ করার মাধ্যমে)

ফ্লোরেন্স এলাকায় জাতীয় স্বাস্থ্য পরিষেবার কোথায় নিবন্ধন করতে হবে

https://www.uslcentro.toscana.it/index.php/medico-di-famiglia-e-pediatra/1432-servizi-medico-di-famiglia-e-pediatria/20568-sportelli-anagrafe-sanitaria
এ ক্লিক করুন

এ ক্লিক করুন

জাতীয় স্বাস্থ্য পরিষেবায় নিবন্ধনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট

- পরিচয় পত্র
- পেরমেসসো দি সোজ্জর্ন বা এটি নবায়নের রশিদ
- বিভাগীয় অঞ্চলে স্থায়ী বাসস্থান / বাসস্থান এবং / অথবা প্রকৃত বাসস্থান সম্পর্কিত সার্টিফিকেট, এমনকি স্বপ্রত্যায়িত ও গ্রহণযোগ্য।
- ফিসকাল কোড
  - প্রয়োজনীয় ডকুমেন্টগুলি অবশ্যই ফটোকপি করে দিতে হবে।

স্যানিটারী কার্ড

স্যানিটারী কার্ড কি?

জাতীয় স্বাস্থ্য পরিষেবা বা SSN-এ নিবন্ধন করার পরে, আপনি ইলেকট্রনিক স্যানিটারী কার্ড পাবেন যা আপনাকে জাতীয় স্বাস্থ্য পরিষেবা দ্বারা প্রদত্ত পরিষেবাগুলির অধিকার দেয়। কার্ডটি আঞ্চলিক। স্বাস্থ্য পরিষেবাগুলি এবং স্বাস্থ্যসেবায় অ্যাক্সেস করার পদ্ধতিগুলি অঞ্চলভেদে পরিবর্তিত হতে পারে। স্যানিটারী কার্ডটি বিনামূল্যে পাওয়া যায় এবং এটি পেরমেসসো দি সোজ্জর্নের মত একই মেয়াদসম্পন্ন।

স্যানিটারী কার্ড কখন প্রয়োজন?

আপনাকে যখন ডাক্তার বা শিশুরোগ বিশেষজ্ঞের কাছে যেতে হবে, ফার্মেসি থেকে ওষুধ নিতে হবে, ডাক্তারী পরীক্ষার প্রয়োজনে এপয়েন্টমেন্ট বুক করার জন্য, হাসপাতালে বা ASL-এ বিশেষজ্ঞ ডাক্তারের ভিজিটের জন্য এবং যে কোনও ক্ষেত্রে ফিসকাল কোড প্রত্যয়িত করার সময়।

যেসব বিদেশি জাতীয় স্বাস্থ্য পরিষেবাতে নিবন্ধনকৃত নয়

এমনকি আপনার পেরমেসসো দি সোজ্জর্ন যদি নিয়মিত না ও থাকে, তাহলেও আপনি ক্লিনিক্যাল স্বাস্থ্য পরিষেবা এবং হাসপাতালে সরকারী প্রতিষ্ঠানের জরুরী স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকারী, কিন্তু আপনি বিনামূল্যে নিজের নির্ধারিত পারিবারিক ডাক্তার এবং শিশু বিশেষজ্ঞের সহায়তার সুবিধা নিতে পারবেন না।

লক্ষ্য করুন ! স্বাস্থ্য পরিষেবার মধ্যে, আপনার যদি নিয়মিত পেরমেসসো দি সোজ্জর্ন নাও থাকে, তাহলে এই কারণে আপনার বিরুদ্ধে পুলিশে রিপোর্ট করা হবে না।

STP, অস্থায়ীভাবে উপস্থিত বিদেশী নাগরিক। এটি শুধুমাত্র অন্তত ৩ মাসের জন্য অস্থায়ীভাবে উপস্থিত এবং দুঃস্থ অবস্থা আক্রান্ত বিদেশী নাগরিক, যাদের আইনগতভাবে প্রবেশ এবং থাকার জন্য অনুমতি নেই তাদের জন্য জারি করা একটি কোড। এদেশে প্রবেশ করা এবং থাকার সাথে সম্পর্কিত নিয়ম নির্দেশিত নয়।

ENI, নিবন্ধনহীন ইউরোপিয়ান নাগরিক। এটি ইইউ অন্তর্ভূক্ত বা সমতুল্য বিদেশী নাগরিক,যাদের বিভাগীয় অঞ্চলে স্থায়ী বাসস্থান নেই, আঞ্চলিক স্বাস্থ্য পরিষেবায় (SSR) বাধ্যতামূলক নিবন্ধনের জন্য প্রয়োজনীয় শর্ত পূরণ করতে অক্ষম এবং নিজের দেশের সাহায্য পেতে অক্ষম বিদেশী ইইউ নাগরিক বা সমতুল্যকে ইস্যু করা একটি কার্ড, যা আঞ্চলিক অঞ্চলের বাসিন্দা নয়, যার আঞ্চলিক স্বাস্থ্য পরিষেবা (এসএসআর) এর সাথে বাধ্যতামূলক নিবন্ধনের জন্য প্রয়োজনীয়তা নেই এবং মূল রাষ্ট্র দ্বারা সহায়তা করা হয় না এবং যারা দারিদ্র্যতার কারণে স্বাস্থ্যসেবা খাতে অর্থ প্রদান করতে পারে না।

STP এবং ENI-এর অস্থায়ী বৈধতা ৬ মাস, আরও ৬ মাসের জন্য নবায়ন যোগ্য।

ফ্লোরেন্সের কোথায় STP এবং ENI-এর আবেদন করা যাবে :

নিম্নলিখিত লিঙ্ক এর ঠিকানায় :
https://www.uslcentro.toscana.it/index.php/altri-servizi/784-assistenza-italiani-all-estero-e-stranieri-in-italia/10114-assistenza-in-italia-a-cittadini-extracomunitari-stranieri-temporaneamente-presenti-stp
এ ক্লিক করুন
এ ক্লিক করুন

STP এবং ENI-এর আবেদন করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট :

- পরিচয়পত্র বা নাম, পদবী নাম, লিঙ্গ, জন্ম তারিখ এবং জাতীয়তার স্বপ্রত্যয়নপত্র।
- অর্থনৈতিক অসুবিধায় থাকার বিবৃতি
- আঞ্চলিক স্বাস্থ্য পরিষেবা (SSR) তে নিবন্ধন করতে না পারার এবং স্বাস্থ্য বীমা না থাকার ঘোষণা

ফ্লোরেন্সে STP বা ENI প্রাপ্ত নাগরিকদের জন্য সংরক্ষিত ক্লিনিকগুলির ঠিকানা নিম্নলিখিত লিঙ্কে:

https://www.uslcentro.toscana.it/index.php/servizi-e-attivita/784-servizi-vari/assistenza-italiani-all-estero-e-stranieri-in-italia/10114-assistenza-in-italia-a-cittadini-extracomunitari-stranieri-temporaneamente-presenti-stp

এ গিয়ে ক্লিক করুন

	দিন	সময়
Morgagni	Lunedi সোমবার	14 - 17
	Giovedi বৃহস্পতিবার	14 – 16
Santa Rosa	Martedi মঙ্গলবার	10 - 12
	Mercoledi বুধবার	14 - 16
	শুক্রবার Venerdi	11:30 - 13:30
D'Annunzio	বুধবার Mecoledi	14 – 18

NB :SSN এ নিবন্ধন ছাড়াও আঞ্চলিক টিকাদান কর্মসূচী অনুযায়ী টিকা গ্রহণ করতে পারবেন।